গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

# ২০২০-২১ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু জুবাইর হোসেন বাবলু<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ২০ আগস্ট ২০২০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | যুগ্মসচিব এর অফিস কক্ষে |
| উপস্থিতি | সংযুক্তি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী গত ২০ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার আটটি (০৮) কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০২। সভায় উল্লেখ করা হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.৩ এ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে উল্লেখ আছে। এ প্রশিক্ষণে, এ বিভাগ হতে নয় (৯) জন এবং প্রতিটি সপ্তর/সংস্থা হতে তিন (০৩) জন করে মোট ৩০ জনের একটি ব্যাচ করে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। আগামী ডিসেম্বর ২০২০ মাসে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর সহায়তায় দুই দিনের সেবা সহজিকরণের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

০৩। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৫.১ এ উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা আগামী নভেম্বর ৩, ২০২০ তারিখের মধ্যে এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করার বিষয়ে বাধ্যবাধকতা আছে। ইনোভেশন কমিটির সদস্য, জনাব মোল্লা মিজানুর রহমান জানান যে, উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করার লক্ষ্যে এ বিভাগের প্রতিটি শাখায় পত্র প্রেরণ করা যেতে পারে। তাছাড়া, সভায় তিনটি উদ্ভাবনী আইডিয়া প্রস্তাব করেন, তা হলঃ ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশিকা ফলক স্থাপন করা ২) অনলাইনে (ম্যাসেনজার বা টেলিফোনে) গণশুনানী গ্রহণ করা ৩) এবং ডিজিটাল নোটিশ বোর্ড স্থাপন করা।

০৪। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ১১.১ এ একটি ডিজিটাল সেবা আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে তৈরি ও বাস্তবায়ন করার বিষয়ে উল্লেখ আছে। এ বিষয়ে কমিটির সদস্য জনাব মোঃ কবির উদ্দিন জানান যে, এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভার সময়সূচি অনলাইন ভিত্তিক করা যেতে পারে। তথ্য ইনপুট দেওয়া সাপেক্ষে সভার তরিখ ও সময় অনুযায়ী সয়ংক্রিয়ভাবে সভার সময়সূচি সাজানো থাকবে, ফলে যে কেউ তার কম্পিউটার হতে সিনিয়র সচিব মহোদয়ের সভার সময়সূচি দেখতে পাবে এবং প্রিন্ট করতে পারবে।

০৫। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৯.২ এ উদ্ভাবনী বিষয়ে নলেজ শেয়ারিং এর বিষয়ে উল্লেখ আছে। এ প্রসঙ্গে আলোচনার এক পর্যায়ে উপস্থিত কমিটির সদস্যগণ কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, সিলেট

গ্যাস ফিল্ডস লিঃ, সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ ও পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর সাথে উদ্ভাবনে নলেজ শেয়ারিং করার বিষয়ে একমত পোষণ করেন।

০৬। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.১ এ উদ্ভাবনী কোডে (৩২৫৭১০৫) মোট আট (৮) লক্ষ টাকা বরাদ্দ আছে। এ প্রেক্ষিতে কমিটির সদস্য জনাব মোঃ কবির উদ্দিন জনান যে, গত অর্থবছরে এ কোডে দশ (১০) লক্ষ টাকা বরাদ্দ ছিল, তার মধ্য হতে ব্যয় করা হয়েছিল মাত্র ২,১৩৮৭০.০০ টাকা, যার ফলে উক্ত কার্যক্রমের নির্ধারিত অর্থ ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় কর্মসম্পাদন সূচকের নির্ধারিত মান "দুই" অর্জন করা সম্ভব হয়নি। সভাপতি, এ বিষয়ে কমিটির সকল সদস্যগণকে উক্ত কোডের বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যয়ের বিষয়ে সচেষ্ট থাকার পরামর্শ দেন।

০৭। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.২ এ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে উল্লেখ আছে। এ বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। এ বিষয়ে চিফ ইনোভেশন অফিসার জানান যে, আগামী জানুয়ারি ২০২১ মাসে ৩০ জনের একটি ব্যাচ করে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর সহায়তায় এ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। এ প্রসঙ্গে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

০৮। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.১ এ উল্লেখ আছে যে, উদ্ভাবনে ও সেবা সহজিকরণ বিষয়ে বছরে তিনটি (০৩) একদিনের কর্মশালা আয়োজন করতে হবে। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোল্লা মিজানুর রহমান বলেন যে, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণের পরে একদিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা যায়। আগামী ফেব্রুয়ারি' ২০২১ মাসে ২০২০-২১ অর্থবছরের ইনোভেশনের প্রথম কর্মশালা আয়োজন করা যেতে পারে।

০৯। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ১৩.২ কার্যক্রমে দপ্তর/সংস্থার সাথে বছরে তিনটি (০৩) সভা আয়োজনের কথা বলা আছে। এরই অংশ হিসেবে দপ্তর/সংস্থার সাথে আগামী অক্টোবর' ২০২০ মাসে প্রথম সভা আয়োজন করা যেতে পারে মর্মে সকলে একমত পোষণ করেন।

১০। এ বিভাগের ইনোভেশন কমিটির গত ২০ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত ১ম সভার সিদ্ধান্ত শত ভাগ অর্জন/বাস্তবায়ন হয়েছে, এতে সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

১১। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১১.১ | আগামী ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখে ইনোভেশন কমিটির ৩য় সভা আয়োজন করতে হবে। | সদস্য সচিব |
| ১১.২ | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণে এ বিভাগ হতে ৯ জন এবং প্রতিটি দপ্তর/সংস্থা হতে ৩ জন করে মোট ৩০ জনের একটি ব্যাচ আগামী ডিসেম্বর' ২০২০ মাসে উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ১১.৩ | উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের জন্য এ বিভাগের প্রতিটি শাখায় পত্র প্রেরণ করতে হবে। | সদস্য সচিব |
| ১১.৪ | আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করতে হবে। এ প্রেক্ষিতে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভার সময়সূচি অনলাইন ভিত্তিক করতে হবে। | এ বিভাগের প্রোগ্রামার |
| ১১.৫ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, সিলেট গ্যাস ফিল্ড কোম্পানী লিঃ, সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ ও পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর সাথে সরেজমিনে পরিদর্শন করে নলেজ শেয়ারিং করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |

| | | |
|---|---|---|
| ১১.৬ | উদ্ভাবনী কোডের (৩২৫৭১০৫) বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ১১.৭ | উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী জানুয়ারি’ ২০২১ মাসের মধ্যে এ বিভাগের ৯ জন এবং প্রতিটি দপ্তর/সংস্থা হতে ৩ জন করে মোট ৩০ জনের প্রশিক্ষণার্থীর ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ১১.৮ | উদ্ভাবনে ও সেবা সহজিকরণে একদিনের প্রথম কর্মশালা/সেমিনার আগামী ফেব্রুয়ারি’ ২০২১ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ১১.৯ | দপ্তর/সংস্থার সাথে প্রথম সভা আগামী অক্টোবর’ ২০২০ মাসে আয়োজন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |
| ১১.১০ | এ বিভাগের ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শত ভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১০৫

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭
২০ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব